

জমি নিয়ে বিরোধ
গৌরনদীতে স্কুলে হামলা
ভাঙচুর, আহত ১০

গৌরনদী (বরিশাল) প্রতিনিধি ▶

জমি নির্মিত বিরোধকে কেন্দ্র করে গতকাল বুধবার গৌরনদী উপজেলার টরকীচর গ্রামে কিন্ডার গার্টেন স্কুলে কমান্ডো স্টাইলে হামলা হয়েছে। এ সময় স্কুলের ১০টি কক্ষের আসবাব ভাঙচুরের অভিযোগ পাওয়া গেছে। হামলায় তিন শিক্ষক, পাঁচ শিক্ষার্থীসহ অসুস্থ ১০ জন আহত হয়েছে। হামলার কারণে বার্ষিক পরীক্ষার ফল ঘোষণার অনুষ্ঠান পও হয়ে যায়। এলাকাবাসী ও পুলিশ সূত্রে জানা গেছে, গৌরনদী উপজেলার টরকীচরে ৫০ শতক জমি নিয়ে আবুল হোসেন ওরফে আবুল হাজীর সঙ্গে মোশারফ হোসেন সরদারের বিরোধ চলে আসছিল। এ নিয়ে বরিশাল আদালতে একাধিক মামলা বিচারাধীন।

স্থানীয় লোকজন জানায়, বুধবার সকাল সাড়ে ১১টার দিকে টরকীচর গ্রামে কিন্ডার গার্টেন স্কুল কর্তৃপক্ষ বার্ষিক পরীক্ষার ফল ঘোষণা করছিল। মোশারফ হোসেন সরদারের স্ত্রী ও স্কুলের পরিচালক সুলতানা রাজিয়া অভিযোগ করে বলেন, প্রতিপক্ষ আবুল হোসেন, তাঁর ছেলে মাসুদ রানা ও জাফর ইকবালের নেতৃত্বে কমান্ডো দলের দুই শতাধিক নেতা-কর্মী কমান্ডো স্টাইলে হামলা চালায়। হামলাকারীরা স্কুলে ঢুকে বিভিন্ন শ্রেণিকক্ষ ভাঙচুর করে। এ সময় বাধা দিলে শিক্ষক-শিক্ষার্থীদের হারধর করে স্কুল থেকে বের করে দেওয়া হয়। হামলাকারীরা স্কুলের পাঁচটি কক্ষ তালাবদ্ধ করে এবং অন্য পাঁচটিতে তাদের মাল রেখে দখল করে নেয়। মোশারফ হোসেন সরদার অভিযোগ করেন, ঘটনাস্থলে হামলা, ভাঙচুর করার সময় পুলিশকে অবহিত করা হলেও পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি।